গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৪৪৪ তারিখ ০৯ শ্রাবন ১৪৩২ ব:
২৪ জুলাই ২০২৫ খ্রি.

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের ১ম মেধাতালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন এবং ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ২৬/০৭/২০২৫ থেকে ০৩/০৮/২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫˝×১১˝) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে **ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিচে প্রদত্ত নির্দেশনা মোতাবেক Admission Roll এর বিপরীতে** বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী **২৭/০৭/২০২৫ থেকে ০৪/০৮/২০২৫** তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের বিষয়ে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন না হলে তা পূর্বের বিষয়ে ভর্তি বহাল থাকবে। **বিষয় পরিবর্তনের জন্য শিক্ষার্থীকে প্রযোজ্য ক্ষেত্রে ভর্তির ফি বিভাগে সমন্বয় করতে হবে।**

**যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হবে উক্ত শিক্ষার্থীকে** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট *http://app1.nu.edu.bd/* হতে **পরিবর্তিত বিষয়ের ভর্তি ফরম ডাউনলোড পূর্বক** ২৭/০৭/২০২৫ থেকে ০৪/০৮/২০২৫ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ৩১ জুলাই ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে অবশ্যই চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে।

১। **ভর্তির সময়সূচি ঃ**

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী **২৭/০৭/২০২৫ থেকে ০৪/০৮/২০২৫ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** পর্যন্ত বেলা ০২:০০টার মধ্যে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২। **ভর্তির নিয়মাবলী:**

(ক) **Admission Roll** এর বিপরীতে বিষয়ভিত্তিক নির্দিষ্ট ফিসের টাকা আগামী **২৭/০৭/২০২৫ থেকে ০৪/০৮/২০২৫** তারিখের মধ্যে DBBL মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ বোর্ড অথবা *http://rc.edu.bd/fees-for-honors-admission/* লিংক হতে ফি'র পরিমাণ জানা যাবে।

(খ) যদি কোন শিক্ষার্থী **ভুল Admission Roll** ব্যবহার করে আবেদন করে থাকে তবে তাকে ***Honours Admission*** বাটনে ক্লিক করে অথবা সরসারি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে ক্লিক করে সঠিক **Admission Roll** দিয়ে আবেদন করতে হবে। এরপর পেমেন্ট অপশন আসবে এবং ভর্তি ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(গ) **DBBL মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে ফি পরিশোধের নিয়মাবলী:**

১. যেসকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট রয়েছে,সেই মোবাইল থেকে *322# ডায়াল করে DBBL মোবাইল ব্যাংক মেনুতে যান
২. পেমেন্ট 1 (One) সিলেক্ট করুন
৩. নিজের মোবাইল থেকে হলে 1 (One) সিলেক্ট করুন। অন্য মোবাইল থেকে হলে Other 2 (Two) সিলেক্ট করুন
৪. অন্য মোবাইল থেকে হলে নিজের মোবাইল নম্বর দিন (Enter Student Mobile Number)
৫. Other 0 (Zero) সিলেক্ট করুন
৬. রাজশাহী কলেজের Biller ID 304 টাইপ করুন
৭. Bill No-এ আপনার **Admission roll** দিন।
৮. টাকার পরিমাণ লিখুন
৯. চার ডিজিটের PIN টাইপ করুন
১০. OK/Send বাটন চাপুন
১১. পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আপনি DBBL থেকে TrxID যুক্ত একটি মেসেজ পাবেন এবং স্বয়ংক্রিয়ভাবে আপনার ভর্তি সম্পন্ন হবে। এবং ভর্তির লিংক এ গিয়ে আপনার পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন।

**** রকেট app এর Bill Pay অপশন ব্যবহার করেও ফি পরিশোধ করা যাবে।**

(ঘ) এরপর *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের **Hons Online Admission** বাটন অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে প্রবেশ করে **Admission Roll** দিয়ে Next বাটন চেপে **Admission Confirmation Slip** I **Admission Form** ডাউনলোড করে প্রয়োজনীয় কাগজ-পত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(ঙ) **ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইটের (*https://rc.gov.bd* / *https://rc.edu.bd*) নোটিশ বোর্ড, *https://rc.edu.bd/fees-for-honors-admission/* লিংক, বিভাগ, ক্যাশ শাখা ও কলেজ নোটিশ বোর্ড থেকে জানা হবে।**

৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি সংশ্লিষ্ট বিভাগে জমা থাকবে।

(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, প্রশংসাপত্র এবং ভর্তির প্রাথমিক আবেদনপত্রের Applicants কপি ০১ (এক) কপি করে ফটোকপি অনলাইন আবেদন ফরমের College কপির সঙ্গে সংযুক্ত করতে হবে।

(গ) ০৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন পিন্ট কপির নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে (ছবি গুলো ভর্তির প্রাথমিক আবেদনপত্রের ছবির অনুরূপ হবে)।

(ঘ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Honours* লিংকে Admission roll ব্যবহার করে নিজের তথ্যে প্রবেশ করা যাবে। সেখান থেকে Confirmation Slip, Student Admission form এবং Temporary ID ডাউনলোড এবং প্রিন্ট করে উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্রসহ বিভাগে জমা দিতে হবে।

(ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন ফরম। আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট বিভাগ শিক্ষার্থীকে ফেরত দিবে।

**বি:দ্র: এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এ বিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।**

স্বা:
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৪১৪(২৭)

তারিখ ০৯ শ্রাবন ১৪৩২ ব:
২৪ জুলাই ২০২৫ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

২। বিভাগীয় প্রধান, ......................................................বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। **ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত ডাটা অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে প্রতিদিনের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ভর্তির আবেদন ফরম সেই দিন বেলা ২.৩০ টার মধ্যে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ০৬/০৮/২০২৫ তারিখ বিকাল ২.৩০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট (রাজশাহী কলেজ লাইব্রেরিতে) জমা দিতে হবে;**

৩। আহ্বায়ক, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

৪। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;

৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;

৬। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 24/07/25
রাজশাহী কলেজ, রাজশাহী।
24/07/25